

অস্ট্রেলিয়ার সিডনিতে জাতীয় শোক দিবস উদযাপনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি অস্ট্রেলিয়ার সিডনিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অস্ট্রেলিয়ার সিডনিতে বঙ্গবন্ধু পরিষদ কর্তৃক আয়োজিত আলোচনা সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী বঙ্গবন্ধুর জীবন ও কর্মকাণ্ডের উপর সংক্ষিপ্ত আলোচনা করেন। আলোচনা সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু ছাড়া বিশ্বের বুকে বাংলাদেশ নামের কোন রাষ্ট্রের সৃষ্টি হতো না। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদ সিডনি শাখার সভাপতি মহিমুল হক, সাধারণ সম্পাদক ইফতিয়ার উদ্দিন ইফফু, কোষাধ্যক্ষ এম এ মনসুরসহ অন্যান্য নেতৃবৃন্দ। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের পরলোকগত সদস্যদের আত্মার মাগফিরাত কমনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

